20 APR 2017

# একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন ৯ মে শুরু

**নিজস্ব প্রতিবেদক ●**

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন অনলাইনে শুরু হবে আগামী ৯ মে। চলবে ৩১ মে পর্যন্ত। প্রথম দফায় ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে ৫ জুন।

গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষা বোর্ডগুলোর কর্মকর্তা ও বিভিন্ন কলেজের অধ্যক্ষদের নিয়ে অনুষ্ঠিত সভায় একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা চূড়ান্ত করা হয়। ৪ মে এসএসসি ও সমমানের ফল প্রকাশ করা হবে।

সভায় উপস্থিত ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা এবং দুটি কলেজের অধ্যক্ষ *প্রথম আলো*কে এই তথ্য জানিয়েছেন।

এবার একসঙ্গে সর্বোচ্চ ১০টি কলেজে ভর্তির জন্য পছন্দক্রম দেওয়া যাবে। এর মধ্যে এসএসসির ফল অনুযায়ী ভর্তির জন্য একটি কলেজ নির্ধারণ করে দেওয়া হবে। কলেজ নির্ধারণের পর নির্ধারিত ফি দিয়ে শিক্ষার্থীই ওই কলেজে ভর্তির নিশ্চয়ন দেবে, যা আগে দিত কলেজ কর্তৃপক্ষ। নিশ্চয়নের সময় 'মাইগ্রেশন' দেওয়ারও সুযোগ পাবে শিক্ষার্থীরা। প্রথমবার না হলে পরে আরও দুই দফায় পছন্দক্রম দিয়ে আবেদন করা যাবে। নির্ধারিত সময়ে ভর্তির কাজ শেষে ১ জুলাই ক্লাস শুরু হবে।